DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 16 Jul 2026, 03:07 PM

জাতীয়

# □সেনাবাহিনী বৃক্ষরোপণ অভিযান-২০২৬□□এর উদ্বোধন সেনাপ্রধানের

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ১৬ জুলাই ২০২৬, ০৫:৩২ PM



ছবি: সংগৃহীত

□বৃক্ষরোপণে সাজাই দেশ; সবার আগে বাংলাদেশ□□এই প্রতিপাদ্যকে সামনে রেখে সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান □সেনাবাহিনী বৃক্ষরোপণ অভিযান-২০২৬□□এর আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন।

বৃহস্পতিবার (১৬ জুলাই) সকাল সাতটার দিকে ঢাকা সেনানিবাসের নির্ঝর এলাকায় একটি গাছের চারা রোপণ করে তিনি এই অভিযানের শুভ সূচনা করেন।

উদ্বোধন শেষে সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান বলেন, প্রতিবছরের ধারাবাহিকতায় এবারও বাংলাদেশ সেনাবাহিনী দেশব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি হাতে নিয়েছে। সেনাবাহিনীর এই নিয়মিত উদ্যোগের ফলেই দেশের প্রতিটি সেনানিবাসে প্রচুর গাছপালা রয়েছে এবং প্রকৃতির সবুজায়ন নিশ্চিত হচ্ছে। বনায়ন বৃদ্ধির লক্ষ্যে এই বছরও সেনাবাহিনী নানামুখী কর্মসূচি গ্রহণ করেছে।

জেনারেল ওয়াকার-উজ-জামান আরও উল্লেখ করেন, বাংলাদেশ সেনাবাহিনী কেবল গাছ লাগানোর মধ্যেই সীমাবদ্ধ থাকে না, বরং যথাযথ পরিচর্যার মাধ্যমে প্রতিটি গাছকে বড়ো করে তোলার দায়িত্বও পালন করে। বৈশ্বিক পরিবেশ বিপর্যয় ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় বাংলাদেশ সেনাবাহিনী ভবিষ্যতেও অগ্রণী ভূমিকা পালন করে যাবে।

সেনাবাহিনী সদর দপ্তর সূত্রে জানা গেছে, পরিবেশের ভারসাম্য রক্ষা ও বনায়ন বাড়াতে এই বছর সেনাবাহিনীর তত্ত্বাবধানে দেশব্যাপী মোট ১১ লাখ ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা রোপণ করা হবে।

উক্ত অনুষ্ঠানে সেনাবাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাবাড়াসহ বিভিন্ন পদমর্যাদার সেনাসদস্যরা উপস্থিত ছিলেন।

---

## এ বিভাগের আরও খবর



**বৈষম্যহীন দেশ গড়তে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে: প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, সুখী-সমৃদ্ধ বৈষম্যহীন বাংলাদেশ গড়তে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। যে যার অবস্থান থেকে ঐক্যবদ্ধভাবে এগ...



**লিবিয়া থেকে ফিরলেন ১৭১ বাংলাদেশি**

লিবিয়ার বেনগাজীর গানফুদা ডিটেনশন সেন্টারে আটক ১৭১ বাংলাদেশিকে দেশে ফিরিয়ে আনা হয়েছে। বৃহস্পতিবার (১৬ জুলাই) ভোর ৬টা ২২ মিনিটে বুরাক এয়ারের এ...



**নবম ওয়েজ বোর্ড ছাড়া সাংবাদিকদের পেশাগত নিরাপত্তা নিশ্চিত সম্ভব নয়: তথ্যমন্ত্রী**

নবম ওয়েজ বোর্ড বাস্তবায়ন ছাড়া সাংবাদিকদের পেশাগত নিরাপত্তা, সম্মানজনক বেতন-ভাতা ও চাকরির স্থায়িত্ব নিশ্চিত করা সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ত...



**৪৫ বছর পর জিয়াউর রহমান হত্যার মূল ঘাতক মেজর মোজাফফর গ্রেপ্তার**

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান হত্যা মামলার অন্যতম পরিকল্পনাকারী ও দীর্ঘ ৪৫ বছর ধরে পলাতক থাকা আসামি মেজর (অব.) মোজাফফর হোসেনকে গ্রেপ্তার করে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/senabahini-brikshropn-obhijan-2026-er-udbodhn-senaprdhaner